

হাই স্কুলে ভর্তির অফারগুলো এসে গেছে!

প্রিয় পরিবার,

আমরা অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে **হাই স্কুলে ভর্তির অফারগুলো এসে গেছে**। কীভাবে অপেক্ষা-তালিকা বা ওয়েটলিস্ট ব্যবহার করতে হবে তা জানতে আমাদের ভার্চুয়াল তথ্য অধিবেশনে যোগ দিন।

এর মধ্যে, যেসব পরিবারের **মাইস্কুলস্** অ্যাকাউন্ট আছে, তারা বর্তমানে তাদের ভর্তির অফারের চিঠিটি অনলাইনে দেখতে পারেন; এছাড়াও পরিবারেরা তাদের বর্তমান স্কুল কাউন্সিলার অথবা কোনও **ফ্যামিলি ওয়েলকাম সেন্টার** থেকে এই চিঠিটি সংগ্রহ করতে পারেন।

পরবর্তী ধাপসমূহ:

- আপনার সন্তান যদি **একটি অফার** লাভ করে, তাহলে সেটি আপনাপনিভাবে গৃহীত—আপনাকে আর কিছু করতে হবে না।
- যদি আপনার সন্তান **একাধিক অফার** পেয়ে থাকে, তবে **বুধবার, 5 এপ্রিল**-এর মধ্যে সেগুলো থেকে একটি বেছে নিতে হবে।
- এছাড়াও আপনার সন্তান **অপেক্ষা-তালিকা বা ওয়েটলিস্ট** ব্যবহার করতে পারে। আরও তথ্যের জন্য schools.nyc.gov/waitlists দেখুন।

আপনার অফারের চিঠিটি থেকে আরো তথ্য ও নির্দেশনা দেখুন অথবা আমাদের ভার্চুয়াল অনুষ্ঠানগুলোর একটিতে অংশগ্রহণ করুন (নিচে দেখুন)

আমাদের ভার্চুয়াল অনুষ্ঠানগুলোর একটিতে যোগ দিন:

- প্রতিটি অনুষ্ঠান একই বিষয়বস্তু নিয়ে আলোচনা করবে কিন্তু ভিন্ন ভিন্ন ভাষায় দোভাষী পরিষেবা প্রদান করবে—বিস্তারিত জানতে নিচে দেখুন।
- অনুষ্ঠানগুলো নিম্নোক্ত তারিখসমূহে অনুষ্ঠিত হবে: প্রতিটি অনুষ্ঠানের আগের দিন লিঙ্ক এবং আপনি কীভাবে অনুষ্ঠানে যোগ দেবেন সেবিষয়ে তথ্য সহ আমরা আরেকটি ইমেইল পাঠাবো:
 - মঙ্গলবার, 14 মার্চ (6 - 7pm)। আরবি, চাইনিজ (ক্যান্টোনিজ) এবং ফ্রেঞ্চ ভাষায় দোভাষী থাকবে।
 - বুধবার, 15 মার্চ (6 - 7pm)। উপস্থাপনা শুধু স্প্যানিশ ভাষায়।
 - শুক্রবার, 17 মার্চ (2- 3pm)। বাংলা, কোরিয়ান এবং রাশিয়ান ভাষায় দোভাষী থাকবে।
 - মঙ্গলবার, 21 মার্চ (6 - 7pm)। উপস্থাপনা শুধু চাইনিজ (ম্যান্ডারিন) ভাষায়।
 - বুধবার, 22 মার্চ (6 - 7pm)। হেশিয়ান ক্রিওল, স্প্যানিশ এবং উর্দু ভাষায় দোভাষী থাকবে।

আরও জানুন:

- অপেক্ষা-তালিকা সম্পর্কে বিস্তারিত তথ্য schools.nyc.gov/waitlists এখান থেকে জেনে নিন।
- আপনার সন্তানের বর্তমান স্কুল কাউন্সিলারের সাথে যোগাযোগ করুন, **ফ্যামিলি ওয়েলকাম সেন্টার** পরিদর্শন করুন, HSEnrollment@schools.nyc.gov ঠিকানায় ইমেল করুন অথবা আমাদের 718-935-2009 নম্বরে ফোন করুন।
- **মাইস্কুলস্ টিউটোরিয়াল: অফার এবং অপেক্ষা-তালিকা বা ওয়েটলিস্ট**।

শুভ কামনায়,

হাই স্কুল অ্যাডমিশন্স টিম
অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? আমাদের হাই স্কুল ইমেল তালিকায় **সাইন আপ** করতে ভুলবেন না।

আমাদের কোনো একটি অথবা সবগুলো মেইলিং লিস্ট থেকে আপনি যদি **কোনও ইমেইল পেতে না চান**, তবে আনসাবসক্রাইব করতে অনুগ্রহ করে **এখানে** ক্লিক করুন।